
বিন্দু-সিন্ধুর প্রেম
404
NOT FOUND

# প্রিন্টার্স লাইন

কমিকস রূপ
**ঢাকা কমিকস**
প্রচ্ছদ: সব্যসাচী চাকমা
কমিকস আঁকা: রাকিব রাজ্জাক

প্রথম প্রকাশ
জুন, ২০২৩

প্রকাশনায়
**ইআরকি**

## Stop Internet Shutdown

# বিন্দু সিন্ধুর প্রেম


## 404 not Found


অচল ডিজিটাল প্রেম

Back to the age of dinosaurs




কিশোর ডায়নোসর বিন্দু খুব আয়েশ করে নাক ডেকে ঘুমাচ্ছিলো জঙ্গলের মধ্যে।
ওঠ বিন্দু! ওঠ। অনেক বেলা হলো। যা একটু দৌড়ে আয়।
আমার দৌড়াতে ভালো লাগে না মা!
পাশের বাড়ির ডায়নোসরটা দেখ, সকালে উঠে নিজে নিজে দৌড়াতে হয়। তোর ওর পা ধোয়া পানি খাওয়া উচিত।
তুই সংসারের বড় ছেলে, তুই না দৌড়ালে সংসারটা চলবে কি করে? তোর বাবার বয়স হয়েছে! ৪৩০ বছরের একটা লোক আর কতো করবে।



মা! আমার ওই গুগল ক্রোমে দৌড়াইতে ভালো লাগে না। দৌড়াও তো দৌড়াও এটার সাথে বাড়ি খাও, ওটার সাথে ঠুস খাও, আমি একটা ডাইনোসর, পাখির সাথে বাড়ি খাইলে নাকি আমি শ্যাষ! ম্যান, এটা খুব ইনসাল্টিং!
কী করবি! তাও তো মানুষরা আমাদের ফিরিয়ে এনে একটা কাজ দিয়েছে।
এটা কোনো কাজ মা! মানুষের ইন্টারনেট চলে গেলে আমাদেরকে দিয়ে খেলবে!
HI 00000 00000
সবাই চলো, সারাদেশে ইন্টারনেট ডাউন!
আমি যাচ্ছি মা, দোয়া করো।
যা বাবা! কাজই ধর্ম, কাজই সবকিছু। দেখা হবে।


ও পাখি তোর যন্ত্রণা...



HI 00179 00179
কিরে ভাই দেখে চলতে পারিস না? তোর পূর্বপুরুষদের কাউকে জিজ্ঞেস করিস তো কখনো ডায়নোসরের ত্রিসীমানায় আসতে পারছে কিনা!
হেহে কী বলেন, আমাদের পূর্বপুরুষ তো আপনারাই। তবে আমাদের দোষ দিয়ে লাভ কী। মানুষটা যদি ঠিকঠাক খেলতে পারতো আপনার আমার কী সংঘর্ষ হইতো?



কিন্তু আমার তো উড়তে কষ্ট হচ্ছে! ইন্টারনেট আসবে কখন?
ঠিক বলেছিস।
জানিনা রে। খুব টায়ার্ড। ক্যান যে ইন্টারনেট বন্ধ করে তাও তো জানিনা।
ক্যান আবার! এই যে মানুষজন আন্দোলন করে, সমস্যার কথা বলে তা যেন না ছড়ায়! আবার ধরো গুজব ছড়ায় সেটা বন্ধ করতেও ইন্টারনেট বন্ধ করে।
কিন্তু এইটাতো উল্টা লস! তুমি শোনো নাই মহা ডায়নোসর তার গবেষনায় কী বলেছে? বলেছে ইন্টারনেট না থাকলে মানুষ আরও বেশি প্যানিক করে, আরও বেশি অস্থির হয়ে যায়। তখন মানুষের ক্ষতি আরও বেশি হয়!
তাই তো! সেই কথা সরকারকে কে বোঝাবে বলো। থাক! চলো এই ফাঁকে আমরা একটু গাছের ছায়ায় বসে রেস্ট নিই।



হ্যালো, আমি বিন্দু। আমি আপনার ফ্রেন্ডলিস্টে আছি। প্রায় সব ছবিতে লাভ দেই।
আই সি! আমি সিন্ধু। আপনি কিন্তু প্রোফাইল পিকচার থেকে সুন্দর।
হাসছো কেন?
মানুষের কাজকারবার দেখে। তারা মুখে বলে ডিজিটাল বাংলাদেশ, কিন্তু মাঝে মধ্যেই ইন্টারনেট বন্ধ করে দেয়। কথায় কাজে কোনো মিল নেই।
তোমার কথায় কাজে মিল আছে তো?
অবশ্যই আছে।
তাহলে কথা দাও ইন্টারনেট চলে এলেও আমাকে ছেড়ে যাবা না।
কথা দিলাম বিন্দু। ইন্টারনেট চলে এলে আমরা তোমাদের বনে যাবো। ওখানেই হবে আমাদের সংসার।
ভালোবাসি বিন্দু!
ভালোবাসি সিন্ধু!



আমি গেলাম। লোকটা আবার খেলা শুরু করছে। টাটা ফিরে এসে দেখা হবে।
সাবধানে থাইকো।


HI 00 87 00487
কোমরটা মনে হয় ভেঙ্গেই গেলো রে। আগের বয়স তো নাই
খেলা শিখবে, শুনেছি তাদের ঠ্যালা বের হয়ে যাচ্ছে
মানুষগুলা এখনও খেলা শিখলো না।


চল পাখি চল! খুব বিপদ।
এবারের মতো বেঁচে গেছি কম্পিউটারটা মনে হয় ভেঙ্গেই ফেললোরে।
কম্পিউটার ভাঙ্গবে কেন?
ভাঙ্গবে না তো কী! সরকার তো ইন্টারনেট বন্ধ করে দিছে। সে আবার ফ্রিল্যান্সার, ইউরোপের সাথে কাজ করে। তার তো ইন্টারনেটই সব। ডেডলাইন মিস করছে। মাত্র তো নিজের কম্পিউটার ফাটাইলো, কিছুক্ষণ পর মাথা ফাটাবে
শোনো সিন্ধু! আমরা আটকে গেছি। আমরা বোধহয় আবার বিলুপ্ত হয়ে যাবো।
বিন্দু- মানুষই তো বিলীন হয়ে যাচ্ছে। ইন্টারনেট নাই, কোনো কাজ নাই, সব থেমে আছে। সেই রাগে তো ভদ্রলোক কম্পিউটারটা ভেঙ্গে ফেললেন। এভাবে চললে শ্যাষ!
বলো কী!


বিন্দু – আমার মা টা যে কই আছে। বলেছিলাম কাজ শেষে দেখা হবে। কাজই তো শেষ হয় না। কবে যে মানুষের ইন্টারনেট আসবে, কবে যে সরকারের বোধোদয় হবে।
কতোদিন মাকে দেখি না। খুব খারাপ লাগে মায়ের জন্য
সরকারের আসলে আমাদের উপরে মায়া নাই, মানুষের উপরও মায়া নাই, সরকারের মায়া শুধু তার নিজের উপর। নইলে যে যুগে মানুষ ঘরে বসে সব করে, সেই যুগে কীভাবে ইন্টারনেট বন্ধ করে? অথচ সরকার এসব বোঝে না।
কী বুঝবে?
ওমা! ইন্টারনেট বন্ধ থাকলে মানুষ হতাশ হয়ে যাবে, আয় ইনকাম বন্ধ হয়ে যাবে, বিনোদন কমে যাবে, মানুষ সাইকো হয়ে যাবে। তখন তারা আমাদের মতো নিরীহ ডায়নোসর ধরে এনে মনোরঞ্জন করবে! ছি!


হতাশ হচ্ছো কেন? ইন্টারনেট না থাকলেই তো ভালো। সেজন্যই তো আমরা আবার ডাইনোসরের যুগে ফিরে গেলাম . .
না সিন্ধু, এমন ডায়নোসরের যুগ আমরা চাই নি। জঙ্গল নাই, স্বাধীনতা নাই, গুগল ক্রোমে আটকে থাকা ছাড়া আমরা আর কী করতে পেরেছি?
কিন্তু?
কোনো কিন্তু নয়! এভাবে চললে মানুষও বিলুপ্ত হয়ে যাবে। চলো কিছু করি . . .


STOP INTERNET SHUTDOWN
ইন্টারনেট আধুনিক দিনের মৌলিক অধিকার
ইন্টারনেট শাটডাউন করা মানে ডাইনোসর যুগে ফেরত যাওয়া